

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম

নোটিশ

স্মারক নং: ৪৬.০৩.১৫৪৭.৪০১.১৬.০০১-১৯/৪১

তারিখ: ০৮/০৬/২০২২ খ্রি.


প্রাপক:(সদস্য)

লোহাগাড়া, চট্টগ্রাম।

বিষয়: জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত চলমান কাজ সমূহের বিষয়ে " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ " বিষয়ক স্থায়ী কমিটির সভার আয়োজন প্রসঙ্গে.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি (জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ " বিষয়ক স্থায়ী কমিটি) মহোদয়ের সিদ্ধান্তক্রমে অত্র উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্বাস্থ্যবিধি, স্যানিটেশন (গ্রামীণ) ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ে আগামী ১৫/০৬/২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার বার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে এক সভার আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় আপনাকে একজন সম্মানিত সদস্য হিসাবে যথাসময়ে উপস্থিত থেকে আপনার মতামত উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।



(বেগম জেসমিন আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ ও সভাপতি


জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং: ৪৬.০৩.১৫৪৭.৪০১.১৬.০০১-১৯/৪১

তারিখ: ০৮/০৬/২০২২ খ্রি.

অনুলিপি সদস্য অবগতির জন্য.

- ১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৫ (সাতকানিয়া-লোহাগাড়া)
- ২। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।



উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম।

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

তারিখ: ১৪/০৬/২০২২ খ্রি.

সভাপতি: বেগম জেসমিন আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।

সভার স্থান: উপজেলা পরিষদের সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

১। বেগম জেসমিন আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	সাক্ষরিত/-
২। জনাব এম ইব্রাহীম	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া	সদস্য	সাক্ষরিত/-
৩। জয়নাব বেগম	সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, লোহাগাড়া	সদস্য	সাক্ষরিত/-
৪। জনাব আলহাছ মো. ইউনুচ	চেয়ারম্যান, পুটিবিলা, ইউ.পি	সদস্য	সাক্ষরিত/-
৫। উপ-সহকারী প্রকৌশলী	জনস্বাস্থ্য প্র. অ.	সদস্য সচিব	সাক্ষরিত/-

আলোচ্য সূচি:

১. প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশরুমক নির্মাণ ও নিরাপদ পানির উৎস স্থাপন
- ২। ওয়াশরুমক মেরামত
- ৩। কলাউজান ইউনিয়নের পানির সংকট
- ৪। বিবিধ।

কমিটির সভাপতি বেগম জেসমিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিবকে সভার কাজ শুরু করতে বলেন। সদস্য সচিব উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ

আলোচনা-১: সদস্য সচিব সভায় জানান, চলতি অর্ধবছরে ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রাথমিক বিদ্যালয় সমূহে চাহিদা সাপেক্ষে ওয়াশরুমক নির্মাণ ও নিরাপদ পানির উৎস স্থাপন করা হবে। এছাড়া পূর্বে নির্মিত ওয়াশরুমক সমূহ সচল রাখার জন্য প্রয়োজনীয় মেরামত করা হবে। এর জন্য বিদ্যালয় সমূহ হস্তে চাহিদা ও তথ্য সংগ্রহ করা প্রয়োজন।

সিদ্ধান্ত-০১: এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে, প্রয়োজনীয় তথ্য সমূহ উপজেলা শিক্ষা অফিসের মাধ্যমে সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-০২: কলাউজান ইউ.পি চেয়ারম্যান বলেন তার ইউনিয়নে তীব্র খাবার পানির সংকট রয়েছে। অনেক সময় ৭০০-৮০০ ফুট বোরিং করেও নলকূপের লেয়ার পাওয়া যায়না। সদস্য সচিবও ব্যাপারটা স্বীকার করেন।

সিদ্ধান্ত-০২: এ ব্যাপারে বিস্তারিত আলোচনা শেষে, কলাউজানে ইউনিয়নে সহজে নিরাপদ পানি প্রাপ্তি ও পানির সংকট দূর করার জন্য নলকূপ ছাড়া অন্য কোন প্রযুক্তি, যেমন- পি.এস.এফ, রিং ওয়েল, রেইট ওয়াটার হার্টেস্টিং ইত্যাদি প্রযুক্তি নির্ধারনের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জেসমিন

(বেগম জেসমিন আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ ও সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি